


কোথায় আছো

দীপালোক ভট্টাচার্য
হারিয়ে যাওয়া দিনগুলো-
মিলিয়ে যাচ্ছে কেঁদে - হেসে,
তবুও মনে প্রশ্ন বেড়ায়।
কোথায় আছো তুমি-
দিগন্তের ঐ চা- বাগিচায়
দূরের স্বপ্ন পিছু টানে।
হারানো ঐ দিন গুলোর পাশে-
জিজ্ঞাস্যটা উঠে-নামে।
জীবন চলছে নিজ গতিতে
ভাবনা টা তো তোমায় টানে।
শেষ বেলাটায় ফুরিয়ে যাবো
আবার আসব নতুন দিনে।
জিজ্ঞাস্য তো থেকেই যাবে-
কোথায় আছো তুমি?

পড়ুন

কবিতা উপত্যকার দু'টি অনন্য কবিতাপত্র

বিকল্প সাহিত্য



ধৰ্মনগৰ, উত্তর পিপুলা

এবং



পানিসাগৰ, উত্তর পিপুলা থেকে প্রকাশিত